গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০২.০০.০০০.২৫.১৭৯৯ তারিখঃ ০৪/০৬/২০২৫ খ্রিঃ

বিষয় : **টিডিপি (পুরুষ ও মহিলা) নগর প্লাটুন প্রশিক্ষণ ৩য় ধাপ পরিচালনা প্রসঙ্গে।**

সূত্র : ক. প্রশিক্ষণ নির্দেশিকা ২০২৪-২৫।
খ. আনসার ও ভিডিপি সদর দপ্তরের স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৩২.২৩.১৩০, তারিখঃ ০৮/০৫/২০২৫ খ্রিঃ।

**উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র জেলাধীন ২০২৪-২৫ অর্থ বছরের টিডিপি (পুরুষ ও মহিলা) নগর প্লাটুন** প্রশিক্ষণ ৩য় ধাপ নিম্নের ছকে বর্ণিত দুটি পৌরসভায় পার্শ্বে বর্ণিত তারিখ মোতাবেক অনুষ্ঠিত হবে।

**"ছক"**

| ক্রঃ নং | পৌরসভার নাম | ৩য় ধাপ | |
|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত |
| ১ | মুক্তাগাছা | ১৬/০৬/২০২৫ খ্রি. | ২৬/০৬/২০২৫ খ্রি. |
| ২ | নান্দাইল | | |

২। ৩২ জন পুরুষ ও ৩২ জন মহিলা প্রশিক্ষণার্থী, ০১ জন ওয়ার্ড দলনেতা ও ০১ জন ওয়ার্ড দলনেত্রীসহ মোট ৬৬ জন প্রশিক্ষণে অংশগ্রহন করবে।

৩। **বাছাই কার্যক্রম সম্পন্ন করে বাছাই কার্যক্রমের ছবি ও বাছাইকৃতদের নামীয় তালিকা জেলা কার্যালয়ে প্রেরণ ও সদর দপ্তর কর্তৃক প্রেরিত গুগল ফরম পূরণ নিশ্চিত করতে হবে। সূত্রপত্রের সাথে সংযুক্ত ক্রোড়পত্রের নির্দেশনা যথাযতভাবে অনুসরণ করতে হবে।**

৪। প্রশিক্ষণ শুরুর ০২ দিনের মধ্যে প্রারম্ভিক প্রতিবেদন এ দপ্তরে প্রেরণ করতে হবে।

৫। ১০ (দশ) কার্যদিবস হিসেব করে প্রশিক্ষণের মেয়াদ নির্ধারণ করা হয়েছে। সদর দপ্তর হতে সরবরাহকৃত সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। প্রশিক্ষণের স্থান রেঞ্জ কর্তৃক নির্ধারিত হবে।

৬। **প্রশিক্ষনার্থীর যোগ্যতা: প্রশিক্ষণ নির্দেশিকা ২০২৪-২৫ অনুযায়ী হবে। তবে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে এসএসসি পাশ ও ১৮-২৫ বছর বয়সী (জাতীয় পরিচয়পত্র থাকা অত্যাবশ্যক) অধিক উচ্চতাধারী তরুণ/তরুণীদের অগ্রাধিকার দিতে হবে। উচ্চতর প্রশিক্ষণ গ্রহনে আগ্রহী ও স্বেচ্ছাসেবায় আগ্রহীদের অগ্রাধিকার দিতে হবে।**

৭। যারা ওয়ার্ডে স্থায়ীভাবে বসবাস করে এবং নিজ এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন তাদেরকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করতে হবে। যারা এলাকায় বসবাস করে না তাদেরকে প্রশিক্ষনার্থী হিসেবে বাছাই করা যাবে না।

৮। এলাকায় সুনাম আছে তাদের প্রশিক্ষনার্থী হিসেবে বাছাই করবেন। সাজাপ্রাপ্ত/দন্ডিত ও মামলায় জড়িতদের বাছাই করা যাবে না।

৯। এ প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ আনসার-ভিডিপির পরবর্তী অন্যান্য প্রশিক্ষণে অংশগ্রহণের যোগ্য হবে।

১০। প্রশিক্ষণার্থীকে স্থানীয় মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক প্রত্যয়নপত্র নিতে হবে এবং জাতীয় পরিচয়পত্র থাকা আবশ্যক।

১১। অন্যান্য অর্থ বছরের ন্যায় বিধি মোতাবেক সকল কার্যাদি সম্পন্ন করতে হবে এবং প্রশিক্ষণ নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১২। প্রশিক্ষণ সনদ সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ইংরেজীতে সুন্দর হাতের লেখা দিয়ে পূরণ করতে হবে। প্রশিক্ষণ সনদের **বিপরীত পৃষ্ঠায় সদর দপ্তর হতে প্রেরিত বর্ণিত ''ছক" মোতাবেক কর্ম ঘন্টা ইংরেজিতে পূরণ পূর্বক ছাপাতে হবে।**

**প্রশিক্ষণ নির্দেশিকা-২০২৪-২০২৫ অনুযায়ী)**

| Name of subject | Physical Training & Drill | Technique of Providing Security | Health Education, Agriculture, Pisciculture, etc | Fire Fighting & Disaster Management | Remarks |
|---|---|---|---|---|---|
| | | | | | |

১৩। **প্রশিক্ষণ শেষ হওয়ার ০৫ কার্যদিবসের মধ্যে সমাপ্তি প্রতিবেদন এবং নিম্নোক্ত ''ছক" মোতাবেক তথ্যাদি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি** সম্বলিত হার্ড কপি (রঙ্গিন) ও সিডি সদর দপ্তর প্রশিক্ষণ (ভিডিপি) শাখায় জেলা কমান্ড্যান্ট এর মাধ্যমে প্রেরণ করা হবে বিধায় হার্ড কপি ও সফট কপি ০২ (দুই) সেট এবং প্রশিক্ষণার্থীদের ক্রয়কৃত শেয়ারের টাকা ব্যাংকে জমা পূর্বক জমার রশিদ এর ফটোকপিসহ জেলা কার্যালয়ে দাখিল করতে হবে।

চলমান পাতা: ০২

# প্রশিক্ষণ সমাপনী প্রতিবেদন প্রদানের ছক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
................................... ময়মনসিংহ।

১। কোড নং : ..............।
২। প্রশিক্ষণের নাম : ...........................................................................................
৩। প্রশিক্ষণের ধাপ : ...........................................................................................
৪। মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা : ...........................................................................................
৫। প্রশিক্ষণ সম্পন্নকারীর সংখ্যাঃ ...........................................................................................
৬। প্রশিক্ষণের স্থান : ...........................................................................................
৭। প্রশিক্ষণের মেয়াদ : ...........................................থেকে...........................................পর্যন্ত
৮। প্রশিক্ষণার্থীদের নামীয় তালিকা প্রেরণের ছক:

| ক্র: নং | প্রশিক্ষণার্থীর নাম:<br>পিতার নাম:<br>মাতার নাম: | স্থায়ী ঠিকানা<br>(গ্রাম, ডাকঘর, উপজেলা, জেলা) | মোবাইল নং<br>জাতীয় পরিচয়পত্র নম্বর<br>জন্ম তারিখ | স্ট্যাম্প সাইজ ছবি | মন্তব্য/প্রশিক্ষণ সনদ নং |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

১৫। প্রশিক্ষণ সমাপনী প্রতিবেদন (হার্ড কপি ০১ সেট ও সফট কপি সিডি ০১ টি) প্রেরণের ক্ষেত্রে দায়িত্বশীল হওয়ার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে কোন গাফিলতি হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।

04.06.25
মোঃ রবিউল ইসলাম, পিভিএম
বিএভি-১২০২০৮
জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ।

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
মুক্তাগাছা/নান্দাইল, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০২.০০.০০০.২৫.১৭৯৯

তারিখঃ ০৪/০৬/২০২৫ খ্রিঃ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।
২। উপমহাপরিচালক
আনসার ও ভিডিপি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ। — ঃ ঐ।
৩। প্রশিক্ষণ (ভিডিপি) শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — ঃ ঐ।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ। — ঃ ঐ।
৫। সার্কেল অ্যাডজুট্যান্ট
জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, ময়মনসিংহ। — ঃ ঐ।
৬। নোটিশ বোর্ড — ঃ প্রদর্শনের জন্য।
৭। অফিস কপি।

04.06.25
জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ।